

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়। তাং ২৯ সেপ্টেম্বর ২০২০।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সকল কর্মী

হইতে : পরিচালক-মৌলিক কর্মসূচি

বিষয়: প্রতি শনিবার বিশেষ বকেয়া সাপোর্ট ও খাদ্য ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপানারা অবগত আছেন যে, কোভিড-১৯ মহামারী সংক্রমণের কারণে আমাদের মাঠ পর্যায়ে বকেয়াস্বীতি দিন দিন বাড়ছে। এমতবস্থায় সংস্থার মাঠ পর্যায়ের বকেয়া নিয়ন্ত্রনে রাখা ও আদায়ের হার সঠিক রাখার জন্য ব্যবস্থাপনা নিন্ম লিখিত পদক্ষেপগুলি গ্রহন করেছে।

১. পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রতি শনিবার সকল সহকর্মী (সিডিও, বিএ, বিএম, এলাকা ব্যবস্থাপক, আরপিসি) বকেয়া আদায়ের জন্য বিশেষ সাপোর্ট প্রদান করবেন।
২. বিশেষ বকেয়া সাপোর্ট এর জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের প্রত্যেক সহকর্মীকে মধ্যাহ্ন ভোজের জন্য ৮০ টাকা করে ভাতা প্রদান করা হবে। সহকর্মী ইচ্ছা করলে অফিস মেসে মধ্যাহ্ন ভোজ করতে পারবেন আবার বাহিরেও করতে পারবেন এ ক্ষেত্রে কোন বাধ্যবাধকতা নেই। যারা বকেয়া সাপোর্ট দিবেন তারা এই ভাতার আওতায় আসবেন। ভাতা সংক্রান্ত পূর্বের সার্কুলার (সকালের নাশ্তা ৪০ + দুপুর আহার ৭০) বাতিল বলে গন্য হবে।
৩. সাপোর্ট এর সময় হবে সকাল ৮.০০ হতে দুপুর ১.৩০ ঘটিকা এবং বিকেল ৩.০০ হতে ৫.০০ ঘটিকা দুপুরের আহারের জন্য ১.৩০ ঘন্টা বিরতি। তবে দৈনিক গতিবিধি রেজিস্টারে সংশ্লিষ্ট কর্মীর মাঠে গমন ও আগমনের সময় উল্লেখ থাকবে। এলাকা ব্যবস্থাপক ও আরপিসি বিষয়টি নিশ্চিত করবেন।
৪. কোন সহকর্মী বিশেষ কারণে ছুটি নিতে চাইলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক অনুমোদন দিবেন এবং আরপিসিকে মৌখিক ভাবে জানাতে হবে।
৫. আদায়কৃত বকেয়া টাকা আলাদা ক্রেডিট ভাউচার করে অফিসের লকারে সংরক্ষিত রাখবে। কোন সহকর্মীর কাছে টাকা রাখা যাবেনা এবং পরদিন রবিবার ব্যাংকে জমা করে ক্যাশ বুক অর্ন্তভুক্ত করতে হবে।
৬. বকেয়া সাপোর্ট শেষে ভাতা গ্রহনের জন্য ব্যবহৃত ছক নিম্নরূপ। ভাতা গ্রহনের তালিকা মুভমেন্ট রেজিস্টারের সাথে যাচাই করে এলাকা ব্যবস্থাপক অনুমোদন প্রদান করবেন।

ক্রমিক নং	কর্মীর নাম	পদবী	বকেয়া আদায়ের পরিমাণ	ভাতা গ্রহনের পরিমাণ	গ্রহনকারীর স্বাক্ষর

৭. এ সার্কুলারটি আগামী ১লা অক্টোবর ২০২০ কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে এর সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিন্ম স্বাক্ষরকারীকে যে কোন মাধ্যমে ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।

এ ব্যাপারে আপনাদের সকলের অব্যাহত সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে  
২৯/৯/২০

Tarik Sayed Harun  
Director-Core Program  
COAST Trust

তারিক সাঈদ হারুন

অনুলিপি : নির্বাহী পরিচালক।

উপ নির্বাহী পরিচালক

হেড/ সহকারী পরিচালক সিও

সকল শাখা প্রধান

অফিস কপি।